ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৭১
আগরতলা, ১৪ আগস্ট, ২০২৫

**<u>স্বাধীনতা দিবস-২০২৫ ঃ দেশাত্মবোধক চলচ্চিত্রের বিশেষ প্রদর্শনী</u>**

**উৎসাহ ও উদ্দীপনায় চলচ্চিত্র দেখল হোমের ছাত্রছাত্রীরা**

স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে গতকাল আগরতলার বিভিন্ন হোমের আবাসিক শিশুদের জন্য একটি বিশেষ অ-বাণিজ্যিক দেশাত্মবোধক চলচ্চিত্র প্রদর্শন করা হয়। এসএসআর রূপসী সিনেমা হলে আগরতলার ৫টি হোমের ছাত্রছাত্রীরা তাদের গাইডদের সঙ্গে উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে চলচ্চিত্রটি দেখে। এই চলচ্চিত্রটি তাদের দেশপ্রেমের ভাবনায় উদ্বুদ্ধ করেছে। কেন্দ্রীয় সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক এই চলচ্চিত্রটি প্রদর্শনের সুযোগ করে দিয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর, এসএসআর রূপসী সিনেমা হল যৌথভাবে এই চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করেছে।

******